গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-৩ শাখা
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৯.১৪.০০৭.২০-১৮০

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

বিষয়: **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।**

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটি সভা গত ১৭/০৪/২০২৪ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

২৯-৪-২০২৪
আশীষ কুমার সাহা
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪২৭
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪২৭৭
ইমেইল:
Plan3.section@rdcd.gov.bd

বিতরণ :
১) সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণ: জনাব তারিকুল ইসলাম, যুগ্মসচিব।)
২) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন (ড. অঞ্জন কুমার দেবরায়, অতিরিক্ত সচিব)।
৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন (দৃ: আ: জনাব জেসমুন নাহার, উপ-প্রধান)
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (দৃঃ আঃ-জনাব কামাল হোসেন তালুকদার, পরিচালক)।
৫) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
৭) যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৮) প্রকল্প পরিচালক,

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৯.১৪.০০৭.২০-১৮০/১(২)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিবের একান্ত সচিব , সিনিয়র সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ



২৯-৪-২০২৪
আশীষ কুমার সাহা
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা শাখা-৩
www.rdcd.gov.bd

বিষয়: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি আধুনিকায়ন' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম<br>সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| সভার তারিখ | : | ১৭ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ। |
| সময় | : | বিকাল ৪:০০ ঘটিকা |
| স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভাকক্ষ ও জুম প্লাটফর্ম। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। |

২.০ উপস্থাপনা ও আলোচনা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) আলোচ্যসূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রণের জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

২.১ গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| প্রকল্প পরিচালক জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী আধুনিকায়ন' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভা ১৭/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে তা অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ৫ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। |

**২.২ গত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভা গত ২৬/০৯/২০২৩ ইং তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়।

| ক্র. নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | বার্ড ক্যাফেটেরিয়ার জন্য আধুনিক রান্নাঘর নির্মাণ কম্পোনেন্টে লিফট সংযোজন না করার সিদ্ধান্ত গৃহীত হলো | বার্ড ক্যাফেটেরিয়ার জন্য আধুনিক রান্নাঘর নির্মাণ কম্পোনেন্টে লিফট স্থাপন বাদ দিয়ে অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ২. | বার্ডের সংশোধিত মাস্টার প্লানে বার্ড আধুনিকায়ন প্রকল্পের সম্পন্ন কম্পোনেন্টগুলো সংযোজন করতে হবে। | সংশোধিত মাস্টার প্লানে কম্পোনেন্টসমূহ সংযোজন করা হবে। |
| ৩. | সভায় যেসকল ছবি প্রদর্শন করা হয় সেসকল ছবির সাথে তারিখ উল্লেখ করতে হবে। | তারিখসহ প্রকল্পের সমাপ্ত কম্পোনেন্টের ছবি উপস্থাপিত। |
| ৪. | সভায় সংস্থা প্রধানের পরিবর্তে বিকল্প প্রতিনিধি প্রেরণ করা যাবে না। | বাস্তবায়িত, পরবর্তীতে যথাযথভাবে সিদ্ধান্ত অনুসরন করা হবে। |
| ৫. | বিধি মোতাবেক ইনডোর স্পোর্টস কমপ্লেক্স কম্পোনেন্টটি ডিপিপি থেকে বাদ দিয়ে ডিপিপি সংশাধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশোধিত ডিপিপি ১৬/০৪/২০২৪ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। যাচাই বাছাই করে তা পরিকল্পনা মন্ত্রণালয়ের কৃষি পানি ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের কাজ চলমান রয়েছে। |
| ৬. | প্রকল্পটির ডিপিপি সংশোধন করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্ন করতে হবে। | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কম্পোনেন্টের কাজ সম্পন্ন করার উদ্যোগ নেয়া হয়েছে। |

**৩.০ আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পটির প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪৮৫৫.০০ লক্ষ টাকা। জুন, ২০২৩ পর্যন্ত সময়ে ক্রমপুঞ্জিত ব্যয় ২৮২৬.৬৯ লক্ষ টাকা, তাছাড়া ২০২৩-২৪ অর্থ বছরে সংশোধিত বরাদ্দ ৩৫০.০০ লক্ষ টাকা এবং ২০২৩-২৪ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তি বাবদ ৫৭.৬২ লক্ষ টাকা অর্থ ছাড় করা হয়েছে।

ইতোমধ্যে ৯টি কম্পোনেন্ট যেমন- (১) বার্ডের ভিতরে সার্কুলার রোড ও এপ্রোচরোড সংস্কার (২) ওয়াকওয়ে নির্মাণ (৩) বাউন্ডারী ও ওয়ালের অংশ বিশেষ পুনঃনির্মাণ (৪) হোস্টেলসমূহ আধুনিকায়ন (৫) অফিস ভবন এবং আবাসিক বিল্ডিং আধুনিকায়ন/নির্মাণ (৬) বার্ড এর আভ্যন্তরীণ ড্রেইনেজ ব্যবস্থা উন্নীতকরণ/সংস্কার (৭) স্পাউটিং ফাউন্টেইন নির্মাণ (৮) পানি বিশুদ্ধকরণ প্ল্যান্ট স্থাপন এবং (৯) বার্ডের ল্যান্ডস্কেপিং মাস্টার প্ল্যান প্রণয়ন এর কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে (১) লন-টেনিস কোর্ট নির্মাণ (২) ক্যাফেটেরিয়ার জন্য ওয়াশরুম নির্মাণ (৩) বার্ড ক্যাফেটেরিয়ার জন্য আধুনিক রান্নাঘর নির্মাণ (৪) হোস্টেলের জন্য অপেক্ষাগারসহ অভ্যর্থনা অফিস নির্মাণ (৫) বার্ড ক্যাম্পাসে অবস্থিত পুকুর খনন এবং এর পাড় বাঁধাইকরণ (লাইটিংসহ) এর কাজ চলমান রয়েছে।

কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি অতিরিক্ত সচিব মহোদয় প্রস্তাবিত সংশোধনীসহ ডিপিপিটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে দ্রুত প্রেরণের জন্য অনুরোধ জানান। সভাপতি মহোদয় প্রকল্পের কাজটি নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের অবশিষ্ট কাজের গুনগত মান বজায় রাখার জন্য নিবীড়ভাবে তদারকির জন্য নির্দেশনা প্রদান করেন।

**৪.০ সিদ্ধান্ত:**

৪.১) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করতে হবে।
৪.২) ইনডোর স্পোর্টস কমপ্লেক্স কম্পোনেন্টটি বাদ দিয়ে ডিপিপি সংশোধন করে তা অনুমোদনের জন্য দ্রুত পরিকল্পনা কমিশনের প্রেরণ করতে হবে।
৪.৩) প্রকল্পের কাজ সমূহের মান নিয়ন্ত্রণের জন্য নিবিড়ভাবে তদারকি করতে হবে।

**৫.০** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৪/২০২৪
(মোসাম্মৎ হামিদা বেগম)
সিনিয়র সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।